গাংনীতে জাতীয় ভিটামিন ‘‘এ’’ প্লাস ক্যাম্পেইনে অবহিতকরন সভা

জাতীয় ভিটামিন “এ” প্লাস ক্যাম্পেইন /২০২০ গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর আয়োজনে উপজেলা পর্যায়ে অবহিতকরন ও পরিকল্পনা সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল মঙ্গলবার সকালে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. রিয়াজুল আলম।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান ও জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম.এ খালেক।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাংনী পৌরসভার মেয়র আশরাফুল ইসলাম, সহকারি কমিশনার (ভুমি) ইয়ানুর রহমান, গাংনী থানার এস.আই হাবিব, গাংনী উপজেলা ইমাম সমিতির সভাপতি ও উপজেলা জামে মসজিদের ইমাম ইলিয়াস হোসেনসহ বিভিন্ন শ্রেনীপেশার মানুষ অংশগ্রহন করেন ।

অনুষ্ঠানের সঞ্চালক ইপিআই টেকনিশিয়ান আব্দুর রশিদ জানান, এবছর ৬-১১ মাস বয়সের ৩৭৫২ জন শিশুকে এবং ১২-৫৯ মাস বয়সের ২৯ হাজার ৭৫৮ জন শিশুকে ভিটামিন এ ক্যাপসুল খাওয়ানো হবে।

এ জন্য ইউনিয়ন, পৌরসভা ও উপজেলা পর্যায়ে ২১৯ টি কেন্দ্র নির্ধারন করা হয়েছে। ২৭ জন তত্বাবধানকারীর তত্বাবধঅনে ৪৩৮ জন সেচ্চাসেবীর মাধ্যমে জাতীয় ভিটামিন ‘এ’ প্লাস ক্যাম্পেইন সুষ্ঠ ভাবে সমপন্ন করা হবে।

- গাংনী প্রতিনিধি

মাদকদ্রব্য নিয়ন্ত্রন অধিদপ্তরের ৩০ তম প্রতিষ্ঠা বার্ষীকি উপলক্ষে সংবাদ সম্মেলন

মাদকদ্রব্য নিয়ন্ত্রন অধিদপ্তরের ৩০ তম প্রতিষ্ঠা বার্ষীকি উপলক্ষে মেহেরপুরে সংবাদ সম্মেলন করা হয়েছে। মঙ্গলবার বিকালে মেহেরপুর শহরের বোসপাড়ায় অবস্থিত জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রন অধিদপ্তরে এ সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়েছে।

সংবাদ সম্মেলনে সভাপতিত্ব করেন জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রন অধিদপ্তরের উপরিদর্শক শাহজালাল খান। প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেন অতিরিক্ত জেলা প্রশাসক তৌফিকুর রহমান।

অন্যদের মধ্যে বক্তব্য দেন কোর্ট ইন্সপেক্টর আব্দুল ওহাব, জেলা প্রেস ক্লাবের সভাপতি তোযাম্মেল আযম, সাধারণ সম্পাদক মাহাবুব চান্দু। ৩০ তম প্রতিষ্ঠা বার্ষীকি উপলক্ষে সপ্তাহব্যাপী নানা অন্যষ্ঠানের আয়োজন করেছে মাদকদ্রব্য নিয়ন্ত্রন অধিদপ্তর।

আগামী ২ জানুয়ারী থেকে ৭ জানুয়ারী পর্যন্ত চলবে নানা কর্মসূচি। সপ্তাব্যাপী অনুষ্ঠান মালার মধ্যে রয়েছে, ২ তারিখ র্যালী, বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুস্পস্তবক অর্পন, আলোচনা সভা, ওপেন ডে, আলোক সজ্জিতকরন,

৩ তারিখ জুমার নামাযের খুতবায় মাদক সম্পর্কে বয়ান, ৪ তারিখ শিক্ষা প্রতিষ্ঠানে মাদক বিরোধি আলোচনা ও শপথ বাক্য পাঠ, ৫ তারিখ মাদক বিরোধী সর্টফ্লিম প্রদর্শন,

৬ তারিখ যানবাহন ও পাবলিক প্লেসে মাদক বিরোধী স্টিকার লাগানো, ৭ তারিখ স্টেক হোল্ডারদের নিয়ে সপ্তাব্যাপী আয়োজনের সমাপ্তি।

- নিজস্ব প্রতিনিধি

মেহেরপুর জেলা বিএনপির শীত সামগ্রী বিতরণ

বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান প্রদত্ত শীত সামগ্রী বিতরণ করা হয়েছে।

৩১ শে ডিসেম্বর জেলা বিএনপির সভাপতি মাসুদ অরুন কয়েক’শ নেতাকর্মীদের মাঝে এই শীত সামগ্রী বিতরণ করেন।

এ সময় উপস্থিত ছিলেন জেলা বিএনপির সিনিয়র সহ-সভাপতি জাভেম মাসুদ মিল্টন, জেলা বিএনপির সহ-সভাপতি আব্দুর রহমান, ইলিয়াস হোসেন, এম এ কে খায়রুল বাশার প্রমূখ।

অনুষ্ঠান পরিচালনা করেন পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস।

আগামী দিনে ফেসবুক হবে মৃত মানুষের ডিজিটাল গোরোস্থান

বিশ্বের সবচেয়ে বড় সামাজিক যোগাযোগের মাধ্যম ফেসবুক বিশ্বব্যাপী প্রতিষ্ঠা পায় ২০০৪ সালে। বর্তমানে এ সামাজিক নেটওয়ার্কটির ব্যবহারকারীর সংখ্যা ২৪৫ কোটি। ইতিমধ্যেই এর ৫ কোটি ইউজারের মৃত্যু হয়েছে। তবে তাদের ফেসবুক আইডিটি রয়ে গেছে।

ফলে ফেসবুকের ভবিষ্যত নিয়ে বিশেষজ্ঞরা বলছেন, আগামী দিনে ফেসবুক হবে মৃত মানুষের ডিজিটাল আর্কাইভ বা ডিজিটাল গোরোস্থান। ব্যবহারকারীর মৃত্যু হলেও ফেসবুকের কাজে জীবিত থাকছে সব তথ্য।

অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ের অক্সফোর্ড ইন্টারনেট ইনস্টিটিউটে করা এক গবেষণায় বলা হয়েছে, ফেসবুকের বর্তমানে যে অগ্রগতি তা যদি

অব্যাহত থাকে তাহলে ২১০০ সালের অর্থাৎ আগামী ৮০ বছর পর এর ব্যবহারকারীদের মধ্যে প্রায় ৫০০ কোটি মানুষের মৃত্যু হবে।

বর্তমানে যে ব্যবহারকারী রয়েছে তার মধ্যে দৈনিক মৃত্যু হচ্ছে ৮ হাজার মানুষের। যদি ফেসবুক ব্যবহার কমেও যায় তবুও আগামী ৮০ বছরে ফেসবুকের আইডিধারীদের মধ্যে প্রায় ১৪০ কোটি মানুষ মারা যাবে।

ফেসবুক প্রতিষ্ঠানের প্রথম ১২ বছর বা ২০০৪ সাল থেকে ২০১৬ সালে প্রায় ৫ কোটি ফেসবুক ব্যবহারকারীর মৃত্যু হয়েছে।

সূত্র: ইন্টারনেট অবলম্বনে

মুজিবনগর উপজেলা কৃষকলীগের শপথ গ্রহণ

মহান বিজয় দিবস ২০১৯ উদযাপন উপলক্ষে ও মাননীয় প্রধানমন্ত্রী কৃষকরত্ন জননেত্রী শেখ হাসিনা “দূর্নীতি, মাদক ও মজুতদারের বিরুদ্ধে চলমান অভিযানের সাথে একাত্বতা” শীর্ষক আলোচনা সভা ও শপথ গ্রহন করেছে মুজিবনগর উপজেলা কৃষকলীগ।

গতকাল সোমবার বিকালে কেদারগঞ্জ বাজারে অনুষ্ঠিত শপথ গ্রহন অনুষ্ঠানে সকলকে নিয়ে শপথ পাঠ করান ১৯৭১ সালের ১৭ এপ্রিল অনুষ্ঠানের শপথ পাঠকারী বাকের আলী মাষ্টার।

এর আগে একই মন্চে উপজেলা কৃষকলীগের সভাপতি নজরুল ইসলাম মন্ডলের সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা কৃষকলীগের সভাপতি মাহাবুব আলম শান্তি।

জেলা কৃষকলীগের যুগ্ম সাধারন সম্পাদক মশিউর রহমান পলাশের সঞ্চালনায় বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জেলা কৃষকলীগের সাধারণ সম্পাদক ওয়াসিম সরদার লিখন, মুজিবনগর উপজেলা যুবলীগের সভাপতি কামরুল হাসান চাদু, মোনাখালী ইউপি চেয়ারম্যান মফিজুর রহমান মফিজ, উপজেলা কৃষকলীগের সাধারণ সম্পাদক মনিরুজ্জামান টিটু, উপজেলা শ্রমীক লীগের সভাপতি আবুল কালাম আজাদ।

এ সময় কৃষকলীগের উপজেলা ও ইউনিয়নের নেতাকর্মিরা উপস্থিত ছিলেন।

- মুজিবনগর অফিস

“আমরা আলোর পথে” সংগঠনের পক্ষ থেকে শীত বস্ত্র বিতরণ

মেহেরপুরের সদর উপজেলার আমঝুপি ইউনিয়নের খোকসা গ্রামের আমরা আলোর পথে সংগঠনের পক্ষ থেকে গরীব অসহায় মানুষদের মাঝে শীত বস্ত্র বিতরণ করা হয়েছে।

গতকাল সোমবার বিকেল সাড়ে ৪টার দিকে খোকসা গ্রামে সংগঠনের কার্যালয়ের সামনে আমরা আলোর পথে সংগঠনের আয়োজনে শীত বস্ত্র বিতরণ ও আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন মেহেরপুর জেলা সমাজ সেবা অধিদপ্তরের উপ-পরিচালক কাজি কাদের মহাম্মদ ফজলে রাব্বি।

প্রধান বক্তার বক্তব্য রাখেন আমঝুপি ইউপি চেয়ারম্যান বোরহান উদ্দিন চুনু।

সংগঠনের সভাপতি আরিফুল ইসলাম এর সভাপতিত্বে বিশেষ অতিথির বক্তব্য রাখেন, ইউপি সদস্য আমিল উদ্দিন খান, সংগঠনের প্রধান পৃষ্ঠপোষক জি.এস. জুয়েল।

অনুষ্ঠানটির পরিচালনায় ছিলেন, মো: সাকিল আহম্মেদ ও মো: সাজিবুল ইসলাম। আলোচনা সভা শেষে গ্রামের ৮০জন হতদরিদ্রদের মাঝে কম্বল বিতরণ করা হয়।
এর আগে আয়োজক কমিটির পক্ষ থেকে অনুষ্ঠানের প্রধান অতিথি, প্রধান বক্তা ও মেহেরপুর প্রতিদিন পত্রিকার সাংবাদিক এ সিদ্দিকী শাহীনকে সম্মাননা ক্রেস্ট প্রদান করা হয়।

- নিজস্ব প্রতিনিধি

[redacted]

[redacted]

কোটচাঁদপুরে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ’র উদ্বোধন

“জলবায়ু পরিবর্তনের চ্যালেঞ্জ মোকাবেলায় বিজ্ঞান ও প্রযুক্তি’’ এই প্রতিপাদ্য নিয়ে ঝিনাইদহের কোটচাঁদপুরে ৪১তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ’র উদ্বোধনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

সোমবার সকালে উপজেলা প্রশাসনের আয়োজনে ও জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি যাদুঘরের তত্বাবধানে এবং বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রনালয়ের পৃষ্টপোষকতায় স্থানীয় উপজেলা পরিষদ মিলনায়তেন অনুষ্ঠানের উদ্বোধন করা হয়।

উপজেলা নির্বাহী অফিসার নাজনীন সুলতানার সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, ঝিনাইদহ জেলার জেলা প্রশাসক সরোজ কুৃমার নাথ।
বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, উপজেলা চেয়ারম্যান শরিফুন্নেছা মিকি, পৌর মেয়র জাহিদুল ইসলাম, মডেল থানার অফিসার ইনচার্জ মাহবুবুল আলম, উপজেলা ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন ফারুক, মহিলা ভাইস চেয়ারম্যান সাদিয়া আক্তার পিংকি, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার রতন মিয়া।

উপজেলা সহকারি শিক্ষা অফিসার মাজেদুর রহমানের সঞ্চালনায় অনুষ্ঠানে এছাড়াও উপস্থিত ছিলেন, পৌর আওয়ামী লীগের আহ্বায়ক ফারজেল হোসেন মন্ডল, যুগ্ন-আহ্বায়ক শহীদুজ্জামান সেলিম, সাবেক মুক্তিযোদ্ধা কমান্ডার তাজুল ইসলাম সহ উপজেলা প্রশাসনের কর্মকর্তা, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-শিক্ষার্থী ও নানা শ্রেণী পেশার মানুষ।

পরে প্রধান অতিথি সহ আগত অতিথিরা বিজ্ঞান মেলায় বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের বিজ্ঞান ভিত্তিক ষ্টল ঘুরে দেখেন।

- কোটচাঁদপুর প্রতিনিধি

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]